

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা/শাখা-২৪ (আইসিটি শাখা)

সভাপতি : মুহাম্মদ আকবর হুসাইন, অতিরিক্ত সচিব (বিপ্র)
সভার তারিখ : ১ নভেম্বর ২০২০
সভার সময় : সকাল ১০.০০ টা
স্থান : সভাপতি মহোদয়ের অফিসকক্ষ
উপস্থিতি : সংযুক্ত

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশনের বিষয়ে সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। এরপর, সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার জনাব মোঃ সাখাওয়াত হোসেন জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা ৩ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। সে লক্ষ্যে ২৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবান করা হয়। সভায় প্রাপ্ত উদ্ভাবনী ধারণা/উদ্যোগ যাচাই-বাছাই করা হয় এবং উপস্থিত সদস্যগণ অংশগ্রহণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত উদ্ভাবনী ধারণা/উদ্যোগ তথ্য বাতায়নে প্রকাশের সিদ্ধান্ত/ সুপারিশসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ক) মন্ত্রণালয়ের করিডোরে পর্যাপ্ত Automatic Hand Sanitizer স্থাপন এবং ব্যবহার নিশ্চিতকরণ;
খ) নথি/কাগজ/মোবাইল/ক্যামেরা/ওয়ালেট/কলম/কীবোর্ড/মাউস/গ্লাস ইত্যাদি জীবাণুমুক্ত করণের নিমিত্ত "UVC Disinfection Unit" স্থাপন এবং ব্যবহার নিশ্চিতকরণ;
গ) বাথরুমের পাশে "Automatic Hand Dryer" স্থাপন।

আর কোন আলোচনা না থাকায়, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাঃ/
মুহাম্মদ আকবর হুসাইন
অতিরিক্ত সচিব (বিপ্র)
ও
চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৯.০০.০০০০.০২৪.০৫.০০১.২০.

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭/১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, অধিশাখা-৩, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩) সিনিয়র সহকারী সচিব, শাখা-১৪, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৪) প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সহকারী প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) সহকারী সচিব, (শাখা-৪), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

স্বাঃ/
রতন কুমার মন্ডল
উপসচিব ও
সদস্য-সচিব (ইনোভেশন টিম)